

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৯

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

### আরবী

وَعَن زِيَاد بن حدير قَالَ: قَالَ لِي عُمَرُ: هَلْ تَعْرِفُ مَا يَهْدِمُ الْإِسْلَامَ؟ قَالَ: قُلْتُ: لَا. قَالَ: يَهْدِمُهُ زَلَّةُ الْعَالِمِ وَجِدَالُ الْمُنَافِقِ بِالْكِتَابِ وَحُكْمُ الْأَئِمَّةِ المضلين . رَوَاهُ الدِّرَامِي

#### বাংলা

২৬৯-[৭২] যিয়াদ ইবনু হুদায়র (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা 'উমার (রাঃ) আমাকে জিজ্ঞেস করলেনঃ তুমি কি বলতে পারো, ইসলাম ধ্বংস করবে কোন্ জিনিসে? আমি বললাম, আমি বলতে পারি না। তখন তিনি ['উমার (রাঃ)] বললেন, 'আলিমদের পদস্খলন, আর আল্লাহর কিতাব কুরআন নিয়ে মুনাফিক্কদের ঝগড়া-বিবাদ বা তর্ক-বিতর্কে লিপ্ত হওয়া এবং পথভ্রষ্ট শাসকদের শাসনই ইসলামকে ধ্বংস করবে। (দারিমী)[1]

## ফুটনোট

[1] সহীহ : সুনানে দারিমী ২১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে কিতাব শব্দ দ্বারা কুরআন উদ্দেশ্য। হাদীসে কুরআনকে খাসভাবে বর্ণনা করার কারণ- যেহেতু কুরআন নিয়ে বাদানুবাদ করা সর্বাধিক মন্দকাজ যা মানুষকে কুফরীর দিকে ঠেলে দেয়। হাদীস থেকে বুঝা যায়, পথভ্রম্ভ ইমামদের প্রবৃত্তি অনুযায়ী দেয়া হুকুম, সে প্রবৃত্তির ব্যাপারে মানুষকে জাের জবরদন্তি করা, অতঃপর সত্য-বিচ্যুত 'আলিম সম্প্রদায়, বিদ্'আতপন্থী ঝগড়াটে মুনাফিক এবং যালিম নেতারা ইসলামের রুকনসমূহকে দুর্বল করে দিবে এবং তাদের 'আমলের মাধ্যমে সেগুলাের মর্মার্থকে নষ্ট করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন